

বাংলাদেশ নির্বাচন কমিশন  
উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়  
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।  
[www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd)


নং- ১৭.০৫.৪৪১৯.০০০.৩২.০০৫.২৩.০৯

তারিখঃ ২১ জানুয়ারি ২০২৪

বিষয়ঃ খসড়া ভোটার তালিকা প্রকাশের বিষয়টির ব্যাপক প্রচার প্রচারণা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০২২ উপলক্ষে যে সকল ভোটারের বায়োমেট্রিক গ্রহণ করা হয়েছিল এবং পরবর্তীতে অফিসে এসে যারা ভোটার তালিকাভুক্তির জন্য নিবন্ধন সম্পন্ন করেছেন, তাদের মধ্যে যাদের জন্ম তারিখ ০১/০১/২০০৬ বা তার পূর্বে, তাদের খসড়া ভোটার তালিকা ২১ জানুয়ারি ২০২৪ তারিখ প্রকাশ করা হয়েছে। প্রকাশিত খসড়া ভোটার তালিকা সংশ্লিষ্ট পৌরসভা/ইউনিয়ন পরিষদ, উপজেলা নির্বাচন অফিস ও জেলা নির্বাচন অফিস থেকে দেখা যাবে। ভোটার হওয়ার যোগ্য কোন ব্যক্তি যদি বাদ পড়ে থাকে, তালিকায় অন্তর্ভুক্ত কোন ব্যক্তির বিরুদ্ধে যদি আপত্তি থাকে, কোন ভোটারের তথ্য যদি ভুল হয়ে থাকে অথবা যদি ভোটার স্থানান্তরের প্রয়োজন হয়, তবে ০৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের মধ্যে সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ঝিনাইদহ ও সংশোধনকারী কর্তৃপক্ষ/ উপজেলা নির্বাচন অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ এর কার্যালয়ে আবেদনপত্র দাখিল করা যাবে।

এমতাবস্থায়, জনগুরুত্বপূর্ণ এ বিষয়টির ব্যাপক প্রচার প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।



(মোঃ কামরুজ্জামান)  
উপজেলা নির্বাচন অফিসার  
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।  
ফোনঃ ০২৪৭-৭৭৪৬০৭০

মেয়র/চেয়ারম্যান

.....পৌরসভা/ইউনিয়ন  
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

নং- ১৭.০৫.৪৪১৯.০০০.৩২.০০৫.২৩.০৯

তারিখঃ ২১ জানুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
- ০৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা।
- ০৪। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ঝিনাইদহ ও সংশোধনকারী কর্তৃপক্ষ।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

উপজেলা নির্বাচন অফিসার  
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।